



## পিআইবি'র ইনোভেশন টিমের জুলাই ২০১৭ মাসের সভার কার্যবিবরণী

পিআইবি'র ইনোভেশন টিমের জুলাই ২০১৮ মাসের সভা আজ ১০ জুলাই ২০১৮ খ্রি. তারিখ বেলা ১১টায় ইনোভেশন অফিসার ও পরিচালক, অধ্যয়ন ও প্রশিক্ষণ বেগম আনোয়ারা বেগম-এর সভাপতিত্বে তাঁর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন।

১। ড. কামরুল হক, রিসার্চ অফিসার

২। মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব)

### আলোচ্যসূচীঃ

ক) বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৭-১৮ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তৈরি

খ) বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন

গ) বিবিধ।

সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন।

ক. ইনোভেশন অফিসার জানান, তথ্য মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা এবং নির্ধারিত ছক অনুযায়ী বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৭-১৮ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তৈরি ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন করে দ্রুত ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এ বিষয়ে মহাপরিচালক মহোদয় কিছু নির্দেশনা দিয়েছেন।

এ প্রেক্ষিতে উক্ত বিষয়ে মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা এবং পিআইবি'র সকল বিভাগীয় প্রধানদের পরামর্শ অনুযায়ী সভায় বিস্তারিত আলোচনান্তে এবং মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন মূল্যায়ন নির্দেশিকা ২০১৮-১৯ মোতাবেক পিআইবি'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন করা হয় এবং পিআইবি'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৭-১৮ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তৈরি করা হয়।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আনোয়ারা বেগম

ইনোভেশন অফিসার

ও

পরিচালক, অধ্যয়ন ও প্রশিক্ষণ